



রেকর্ড নং: ০৩.১১.০০০০.৮৫৯.০৫.০০৮.২২- ৬১৮

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০  
২৮ মার্চ ২০২৪

**বিষয়ঃ পিপিপি কর্তৃপক্ষের সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন (জানুয়ারি - মার্চ, ২০২৪)।**  
পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) কর্তৃপক্ষের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক জানুয়ারি - মার্চ, ২০২৪ মেয়াদে সম্পাদিত সিটিজেনস চার্টার সংক্রান্ত কার্যক্রম নিম্নরূপ:

- পিপিপি কর্তৃপক্ষের ২০২৩-২০২৪ অর্থবছরে জানুয়ারি - মার্চ, ২০২৪ মেয়াদে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং বিভিন্ন শাখার আওতাধীন সেবা/কার্যক্রমসমূহ সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদান করা হচ্ছে কিনা তা যাচাইকরণের মাধ্যমে হালনাগাদকৃত সিটিজেনস চার্টার পিপিপি কর্তৃপক্ষের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
- পিপিপি কর্তৃপক্ষে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারী কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেনস চার্টারে উল্লিখিত দায়িত্বসমূহ যথাযথভাবে পর্যালোচনা করা হয়। পর্যালোচনাকালে বিভিন্ন শাখা কর্তৃক প্রকল্প স্কিনিং সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণকালে দেখা যায় যে, চলতি ত্রৈমাসিকে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ হতে প্রাপ্ত একটি এবং কৃষি মন্ত্রণালয় হতে প্রাপ্ত দুইটি প্রকল্পের স্কিনিং সভা পিপিপি কর্তৃপক্ষের সভাকক্ষে অনুষ্ঠিত হয় যা সিটিজেনস চার্টারে উল্লিখিত ০৯ কার্যদিবসের মধ্যে সম্পাদিত হয়েছে। তাছাড়া, সিটিজেনস চার্টারে উল্লিখিত সেবাসমূহ নির্ধারিত সময় সীমার মধ্যে প্রদান করা হচ্ছে এবং সেবার মান উন্নয়নে নিয়মিত ভাবে পর্যালোচনা করা হচ্ছে।
- পিপিপি কর্তৃপক্ষের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ অর্থবছরে, পিপিপি কর্তৃপক্ষের প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব) মহোদয়ের সভাপতিত্বে গত ০৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারের সমন্বয়ে ৩য় অবহিতকরণ সভা পিপিপি কর্তৃপক্ষের সভাকক্ষে আয়োজিত হয়েছে। সভায় উপস্থিত বাংলাদেশ রেলওয়ের প্রতিনিধি জানান যে, বাংলাদেশ রেলওয়ে এবং পিপিপি কর্তৃপক্ষ যৌথভাবে রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তিনি আরো জানান যে, রেলওয়ে প্রকল্পসমূহে নিয়োগকৃত টিএ এর কার্যক্রম পিপিপি কর্তৃপক্ষ দ্বারা সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে এবং টিএ কর্তৃক দাখিলকৃত বিভিন্ন সমীক্ষা প্রতিবেদনের বিপরীতে খুব দ্রুততার সাথে পিপিপি কর্তৃপক্ষের সভাকক্ষে সভার আয়োজন করা হয়ে থাকে।
- মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে ত্রৈমাসিক ভিত্তিতে পিপিপি কর্তৃপক্ষের সিটিজেন চার্টার হালনাগাদকরণের পাশাপাশি গত ১৫ মার্চ ২০২৪ তারিখে পিপিপি কর্তৃপক্ষের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড এবং অফিসের বাইরে ব্যানার আকারে প্রদর্শন করা হয়েছে।

জনাব শরীফা হক  
পরিচালক (অর্থ)  
ও  
সদস্য  
সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি  
পিপিপি কর্তৃপক্ষ

জনাব মোঃ আলী আজম আল আজাদ  
পরিচালক (পিএমএন্ডএফ)  
ও  
সদস্য  
সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি  
পিপিপি কর্তৃপক্ষ

জনাব মোকলেছুর রহমান  
পরিচালক (প্রশাসন)  
ও  
সদস্য  
সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি  
পিপিপি কর্তৃপক্ষ

জনাব মোহাম্মদ আবদুল আওয়াল  
পরিচালক (আইপি)  
ও  
সদস্য সচিব  
সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি  
পিপিপি কর্তৃপক্ষ

জনাব এ কে এম আবুল কালাম আজাদ  
মহাপরিচালক (পিএন্ডআইপি)  
ও  
আহবায়ক  
সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি  
পিপিপি কর্তৃপক্ষ